# ডোপ টেস্টে মাদক শনাক্ত পুলিশের এসপি আ ফ ম নিজাম উদ্দিন বরখাস্ত




সংগৃহীত ছবি

ডোপ টেস্টে বেনজোডায়াজেপিনস ও অ্যামফিটামিন/মেথঅ্যামফিটামিনের উপস্থিতি পাওয়ায় পুলিশ সদরদপ্তরের পুলিশ সুপার (টিআর) আ ফ ম নিজাম উদ্দিনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

সোমবার (১৪ সেপ্টেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা প্রজ্ঞাপনে এ আদেশ জানানো হয়। এতে বলা হয়েছে, গত ৩১ আগস্ট থেকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বর্তমানে তিনি রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত রয়েছেন।

প্রজ্ঞাপন অনুযায়ী, চলতি বছরের ৮ জানুয়ারি মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি-২০২৬ কোর্সে অংশ নেন নিজাম উদ্দিন। কোর্স চলাকালে ৭ জুন অসুস্থ হয়ে পড়লে তাকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নেওয়া হয়। চিকিৎসকের পরামর্শে পরীক্ষা-নিরীক্ষার অংশ হিসেবে তার ডোপ টেস্ট করা হয়। পরীক্ষায় দুটি মাদকজাতীয় উপাদানের উপস্থিতি পাওয়া যায়।

LENS ASIA

আদেশে বলা হয়েছে, ডোপ টেস্টের ফলাফল ডিএসসিএসসি কোর্সের শৃঙ্খলার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী এটি অসদাচরণ হিসেবে শাস্তিযোগ্য অপরাধ। বিধি অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এ সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন। জনস্বার্থে জারি করা আদেশটি অবিলম্বে কার্যকর হবে।